

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০৪২.০১৪.২৪.০২.০৮৯.২০১৪.৪৮


তারিখ: ২৫ পৌষ ১৪২৯  
০৯ জানুয়ারি ২০২৩

বিষয় : লক্ষ্মীপুর জেলা পরিষদের মালিকানাধীন ২০.০০ (বিশ) শতক ভূমি লক্ষ্মীপুর পৌরসভা কর্তৃক স্থায়ীভাবে ব্যবহার।

সূত্র: জেলা পরিষদ, লক্ষ্মীপুর এর স্মারক ৪৬.০০.৫১০০.০১.১০.০৯.২০২২-৬৫১, তারিখ: ২৭ নভেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে লক্ষ্মীপুর জেলা পরিষদের মালিকানাধীন ২০.০০ শতক ভূমিতে Vertical Extension এর মাধ্যমে লক্ষ্মীপুর পৌরসভাকে স্থায়ীভাবে ব্যবহারের অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। উল্লেখ্য, জেলা পরিষদের সম্পত্তি (অর্জন, ব্যবস্থাপনা, সংরক্ষণ ও হস্তান্তর) বিধিমালা, ২০১৭ এর বিধি ১০ উপ-বিধি (৩) অনুযায়ী পরিষদের কোন হস্তান্তরের প্রয়োজনীয়তা দেখা দিলে, পরিষদের সভায় মোট সদস্যদের তিন-চতুর্থাংশের ভোটে প্রস্তাব গ্রহণ করে প্রেরণের বিধান রয়েছে। কিন্তু, সূত্রস্থ স্মারকে প্রেরিত প্রস্তাবের সাথে মোট সদস্যদের তিন-চতুর্থাংশের ভোটে প্রস্তাব গ্রহণ করে প্রেরণ করা হয়নি। ফলে প্রস্তাবটি ত্রুটিপূর্ণ মর্মে প্রতীয়মান হয়েছে।

২। এমতাবস্থায়, লক্ষ্মীপুর জেলা পরিষদের মালিকানাধীন ভূমি লক্ষ্মীপুর পৌরসভা কর্তৃক স্থায়ীভাবে ব্যবহারের প্রস্তাবটি জেলা পরিষদের সম্পত্তি (অর্জন, ব্যবস্থাপনা, সংরক্ষণ ও হস্তান্তর) বিধিমালা, ২০১৭ এর বিধি ১০ যথাযথ অনুসরণপূর্বক প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
এস এম নজরুল ইসলাম  
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ইমেইল-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, লক্ষ্মীপুর

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)